



১৪
জুন ২০১৯
১০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনসিটিউট
মানিক মির্জা এভিনিউ, ঢাকা-১২০৭

কৃষি সমূহ

ফোন :	৯১১০৯৫০
	৮১২১৯৯১১-২
ফ্লাক্স :	৯১১৮৪১৫
ই-মেইল :	bjriinfo@yahoo.com

স্মারক নম্বর-বিজেআরআই/ইএসটি(কৃষি)-১৫৯৪/০৮/ ২২০৮ (C)

তারিখ- ৩। ১২। ১৯

বিষয়ঃ চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে বিজেআরআই'র ফাইবার কোয়ালিটি ইম্প্রুভমেন্ট বিভাগের এসএসও জনাব আব্দুল হালিমকে জানানো যাচ্ছে যে, গত ২৪-০৭-২০০৬ খ্রিঃ তারিখের ২৬৬ সংখ্যক স্মারকের মাধ্যমে এমএস কোর্সে অধ্যয়নের জন্য আপনার অনুকূলে ২৫-০৭-২০০৬ হতে ২৪-০১-২০০৮ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১৮ মাসের প্রেষণ মঞ্জুর করা হয়। পরবর্তীতে নির্ধারিত সময়ে কোর্স সম্পাদন না হওয়ায় গত ২৪-০১-২০০৮ খ্রিঃ তারিখের ২৪১২ সংখ্যক স্মারকের মাধ্যমে ২৫-০১-২০০৮ হতে ২৪-০৫-২০০৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অতিরিক্ত ০৪ (চার) মাসের প্রেষণ মঞ্জুর করা হয়।

২। কৃষি মন্ত্রণালয়ের গত ০৫-০৭-২০১৫ খ্রিঃ তারিখের ১৭৮ সংখ্যক স্মারকের মাধ্যমে উচ্চশিক্ষার নিমিত্ত কানাড়ায় বৃত্তির আওতায় Department of Biology, University of SASKATCHEWAN, Canada-এ পিএইচডি অধ্যয়নের জন্য আপনার অনুকূলে গত ২৪-০৮-২০১৫ হতে ২৭-০৮-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) বছর প্রেষণ মঞ্জুর করা হয়। সে হিসেবে উচ্চশিক্ষার্থে আপনার গৃহীত প্রেষণের মোট মেয়াদ হয় (১ বছর ১০ মাস + ০৪ বছর) = ০৫ বছর ১০ মাস। কিন্তু বিধি মোতাবেক একজন সরকারি কর্মকর্তা সমগ্র চাকুরীজীবনে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর প্রেষণ সুবিধা প্রাপ্ত করতে পারেন। সে হিসেবে আপনি অতিরিক্ত ১০ মাস উচ্চশিক্ষার্থে প্রেষণ প্রাপ্ত করেছেন।

৩। ইতোপূর্বে বিধি বাহিরূত ১০ মাস অতিরিক্ত প্রেষণ ভোগ করা সত্ত্বেও আপনি গত ০৭-০৮-২০১৯ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদনে আপনার পিএইচডি প্রোগ্রামকে মাস্টার্স লিডিং পিএইচডি প্রোগ্রামে কনভার্ট করেছেন মর্মে জানিয়ে প্রেষণের মেয়াদ ৩১-০৮-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করার আবেদন জানান। আপনার অনুকূলে পিএইচডি অধ্যয়নের নিমিত্ত প্রেষণ মঞ্জুর করা হলেও আপনি নিজেই পিএইচডি প্রোগ্রামকে মাস্টার্স লিডিং পিএইচডি প্রোগ্রামে কনভার্ট করেছেন। কিন্তু এক্ষেত্রে আপনি বিজেআরআই বা কৃষি মন্ত্রণালয়ের পূর্বনুমতি প্রাপ্ত করেন নি, যা বিধি বাহিরূত।

৪। আপনার দাখিলকৃত আবেদনের সাথে প্রেরিত কাগজগ্রাহি পর্যালোচনায় দেখা যায় যে, আপনি যে বিশ্ববিদ্যালয়ে (University of SASKATCHEWAN, Canada) পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য কৃষি মন্ত্রণালয় থেকে সরকারি আদেশ প্রাপ্ত হয়েছেন, সে বিশ্ববিদ্যালয়ে পিএইচডি সম্পন্ন না করে উক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স সম্পন্ন করেছেন এবং অন্য একটি বিশ্ববিদ্যালয় (McMaster University, Canada) অন্য সুপুরভাইজারের তত্ত্বাবধানে পিএইচডি কোর্সে ভর্তি হয়েছেন এবং প্রেষণাদেশের ০১ (এক) বৎসর অতিবাহিত করেছেন।

৫। গত ২৫-০৭-২০০৬ হতে ২৪-০৫-২০০৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ বছর ১০ মাস প্রেষণ প্রাপ্ত পূর্বেক এমএস সম্পন্ন করা সত্ত্বেও আপনি পিএইচডি অধ্যয়নের লক্ষ্য প্রেষণ প্রাপ্ত পূর্বেকরণ পিএইচডি'র পরিবর্তে পুনরায় মাস্টার্স সম্পন্ন করেছেন এবং বৃত্তিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে পিএইচডি সম্পন্ন না করে বিশ্ববিদ্যালয় পরিবর্তন করেছেন। আপনার এহেন আচরণ শৃঙ্খলা পরিপন্থী ও প্রতারনার শামিল।

৬। আপনার গৃহীত প্রেষণের মোট মেয়াদ বিধি মোতাবেক প্রাপ্ত পূর্বেক এমএস অধিক হওয়ায় বিজেআরআই এর গত ২৬-০৮-২০১৯ খ্রিঃ তারিখের ৫৯২ সংখ্যক স্মারকের মাধ্যমে আপনার প্রেষণ বৃক্ষির আবেদন বিবেচনা করার সুযোগ নেই মর্মে জানিয়ে পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে কর্মসূলে যোগদান করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু আপনি নির্ধারিত সময়ে কাজে যোগদান না করায় গত ০৭-১১-২০১৯ খ্রিঃ তারিখের ১৭৫৪ সংখ্যক স্মারকের মাধ্যমে পুনরায় ১০ (দশ) কর্মদিবসের মধ্যে কাজে যোগদানের জন্য অনুরোধ করা হয়। তথাপি আপনি নির্ধারিত সময়ে বিজেআরআই এর চাকুরিতে যোগদান করেননি। আপনার এহেন আচরণ অফিস আদেশ অমান্য ও এবং বিজেআরআই এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ১৯৯০ অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত।

৭। বর্ণিত প্রেক্ষাপটে বিজেআরআই এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ১৯৯০ এর ধারা ৪৫ (১) এর আলোকে আপনাকে বিজেআরআই এর চাকুরি হতে নির্দেশক্রমে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। উল্লেখ্য, আপনার বিরুক্তে শীঘ্ৰই অভিযোগনামা আনয়নপূর্বক আপনাকে অভিযোগ বিবরণী অবহিতকরণ বিভাগীয় ব্যবস্থা প্রাপ্ত করা হবে। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(ড. মাহমুদ আল হোসেন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

জনাব আব্দুল হালিম

এসএসও, পোস্ট হার্ডেন্স প্রসেসিং শাখা

ফাইবার কোয়ালিটি ইম্প্রুভমেন্ট বিভাগ, বিজেআরআই।

(প্রেষণে উচ্চশিক্ষার্থ)

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ১। পরিচালক, কারিগরি/জুট টেক্সটাইল/কৃষি, বিজেআরআই।
- ২। সিএসও, পিটিসি/ফাইবার কোয়ালিটি ইম্প্রুভমেন্ট বিভাগ, বিজেআরআই।
- ৩। উপসচিব, গবেষণা-৩ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
- ৪। উপ-পরিচালক (অর্থ ও হিসাব/প্রশাসন), বিজেআরআই।
- ৫। অডিট অফিসার/সহকারী পরিচালক, হিসাব (রাজস্ব)/কল্যাণ তহবিল, বিজেআরআই।
- ৬। পিএস-টু-ডিজি, বিজেআরআই।